

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
ওয়েব সাইট : www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯৪.৩১.১৮-৫০১

তারিখঃ ০৫/০৬/২০১৮খ্রিঃ

বিষয়ঃ কাটাখালী উমর আলী উচ্চ বিদ্যালয়ের এসএমসির সভাপতি ও ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক কর্তৃক সাময়িকভাবে সরকারি অংশের বেতন স্থগিত করণের বিরুদ্ধে ও সরকারি অংশ পাওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আবেদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ত্রিশাল উপজেলাধীন কাটাখালী উমর আলী উচ্চ বিদ্যালয়ের সভাপতি ও ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের নিকট প্রেরিত পত্রের জবাবে উল্লেখ করেছেন যে, উক্ত প্রতিষ্ঠানের ট্রেড ইন্সট্রাক্টর(বিল্ডিং মেইনটেন্যান্স) জনাব মোঃ গোলাম মোস্তফার বিরুদ্ধে বিভিন্ন অনিয়মের অভিযোগ থাকায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক গত ০৯/০১/২০১৮খ্রিঃ তারিখ হতে তিনি সাময়িক বরখাস্ত অবস্থায় আছেন। বরখাস্তকালীন তিনি সরকারি বিধি মোতাবেক বেতন-ভাতা পাচ্ছেন। তার বিরুদ্ধে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা চলমান আছে।

১। কারিগরি শিক্ষা অধিদপ্তরের ডকেট নং-৬৯৭/১৮ তারিখঃ ১২/০৫/২০১৮খ্রিঃ মোতাবেক ট্রেড ইন্সট্রাক্টর(বিল্ডিং মেইনটেন্যান্স) জনাব মোঃ কর্তৃক একটি পত্র পাওয়া যায়। উক্ত পত্রে তিনি উল্লেখ করেন, “বিনা কারণে অন্যান্য ও অবৈধভাবে বর্তমান কমিটির সভাপতি ও সদস্য সচিব আমাকে সাময়িক বরখাস্ত করে জানুয়ারি/২০১৮খ্রিঃ থেকে ফেব্রুয়ারি/২০১৮খ্রিঃ তারিখ মাস পর্যন্ত অর্ধ বেতনে এবং মার্চ/১৮ থেকে এপ্রিল/২০১৮খ্রিঃ পর্যন্ত পুরো বেতন ভাতাদি বন্ধ রেখে হয়রানি করে আসছে। সামনের মাসগুলোতেও আমাকে বেতন ভাতাদি না দেওয়ার আশংকা করছি। আমাকে সাময়িক বরখাস্তের পরও আমি যথারীতি বিদ্যালয়ে উপস্থিত থাকি। আমি পরিবারের একমাত্র উপাজনকারী ব্যক্তি। পরিবার পরিজন নিয়ে খুবই অর্থ কষ্টে জীবন যাপন করছি। তাই মহামান্য হাই কোর্ট ডিভিশনের রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ এর রায়ে বেসরকারি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের কোন শিক্ষককে ৬০(ষাট) দিনের বেশি সাময়িক বরখাস্ত না রাখার নির্দেশনা প্রদান করা হয়েছে এবং ৬০(ষাট) দিনের বেশি সাময়িক বরখাস্ত রাখা হলে তিনি বেতন ও অন্যান্য ভাতা সমুদয় প্রাপ্য হবেন। হাইকোর্টের রায়ে আলোকে এবং মানবিক কারণে আমার বকেয়া বেতন-ভাতা প্রদানের জন্য এবং আমার বেতন-ভাতাদি চলমান রাখার জন্য বিনয়ের সহিত আবেদন করছি।”

২। প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক অদ্যাবধি জনাব মোঃ গোলাম মোস্তফা, ট্রেড ইন্সট্রাক্টর(বিল্ডিং মেইনটেন্যান্স) এর বরখাস্ত আদেশের কপি ও এ সংক্রান্ত কোন রেজুলেমন এই অধিদপ্তরে প্রমানক হিসেবে প্রেরণ করেননি। ইতোমধ্যে উক্ত শিক্ষককে জানুয়ারি/২০১৮খ্রিঃ থেকে ফেব্রুয়ারি/২০১৮খ্রিঃ দুই মাস অর্ধ বেতনে এবং মার্চ থেকে এপ্রিল/২০১৮খ্রিঃ পুরো বেতন-ভাতাদি বন্ধ রেখেছেন, যা বিধি বহির্ভূত।

৩। মহামান্য হাই কোর্ট ডিভিশনের রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ এর রায়ে বেসরকারি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের কোন শিক্ষককে “৬০(ষাট) দিনের বেশি সাময়িক বরখাস্ত না রাখার নির্দেশনা প্রদান করা হয়েছে এবং ৬০(ষাট) দিনের বেশি সাময়িক বরখাস্ত রাখা হলে তিনি বেতন ও অন্যান্য ভাতা সমুদয় প্রাপ্য হবেন।”

৪। ট্রেড ইন্সট্রাক্টর(বিল্ডিং মেইনটেন্যান্স), জনাব মোঃ গোলাম মোস্তফাকে ২(দুই) মাসের বেশী সাময়িক বরখাস্ত করাসহ বেতন-ভাতাদি বন্ধ করা হয়েছে।

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট ডিভিশনের রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫খ্রিঃ এর রায়ে আলোকে ট্রেড ইন্সট্রাক্টর(বিল্ডিং মেইনটেন্যান্স) জনাব মোঃ গোলাম মোস্তফাকে বিধি মোতাবেক বেতন-ভাতা পরিশোধ করাসহ তার বিরুদ্ধে গৃহিত ব্যবস্থা এবং বেতন-ভাতাদি পরিশোধের প্রমানক আগামী ০৭(সাত) কর্ম দিবসের মধ্যে এই অধিদপ্তরকে অবহিত করার জন্য প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হল।


প্রধান শিক্ষক
কাটাখালী উমর আলী উচ্চ বিদ্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯৪.৩১.১৮-৫০১(৮)

তারিখঃ ০৫/০৬/২০১৮খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। উপসচিব (কারিগরি-১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
- ৪। সভাপতি, কাটাখালী উমর আলী উচ্চ বিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ।
- ৫। জনাব মোঃ গোলাম মোস্তফা, ট্রেড ইন্সট্রাক্টর(বিল্ডিং মেইনটেন্যান্স), কাটাখালী উমর আলী উচ্চ বিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। পিএ টু ডিভি, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। সংরক্ষণ নথি।



(মোঃ জহুরুল ইসলাম)
সহকারী পরিচালক(এমপিও)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা